গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

# খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার কমিটি'র ১৯তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইসমাইল হোসেন এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৬.০৬.২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন প্লাটফর্ম (জুম)। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির অনলাইন প্লাটফর্ম (জুম) সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপসচিব (সরবরাহ-১) কে ক্লাস্টার কমিটির ১৯তম সভার আলোচ্য বিষয় উপস্থাপন ও ১৮তম সভার কার্যবিবরণী পড়ে শুনানোর জন্য আহ্বান জানান। সে মোতাবেক উপসচিব (সরবরাহ-১) খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির গঠন এবং আলোচ্যসূচি উপস্থাপন করেন ও খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির ১৮তম সেভার কার্যবিবরণী পাঠ করেন । ১৮ তম সভার কার্য়বিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি সভার সদস্যদেরকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ করেন। সভায় নিম্নোক্তভাবে আলোচনা হয়:

২। উপসচিব (সরবরাহ-১) বলেন আগামী ৩০.০৬.২০২৪ তারিখে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'র ১৯তম সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় থিমেটিক ক্লাস্টার কমিটিসমূহের কার্যক্রম ও Single Registry MIS- এর বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে আলোচনা হবে। এছাড়া সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'র ১৮তম সভায় সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে জাতীয় পরিচয় পত্রের ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির সদস্যভূক্ত মন্ত্রণালয়সমূহের বর্ণিত বিষয়ে অগ্রগতি আলোচনা করা যেতে পারে।

০৩। জনাব শরিফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থপনা ও ত্রাণ মন্ত্রণালয় আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, দুর্যোগ ব্যবস্থপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ভিজিএফ কার্যক্রমে এখন পর্যন্ত জাতীয় পরিচয়পত্র ব্যবহার করা হচ্ছে না এবং Single Registry MIS- এর বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়নি। ভবিষ্যতে ভিজিএফ কার্যক্রমে জাতীয় পরিচয়পত্র ব্যবহার করার উদ্যোগ গ্রহণ করা হবে। সভাপতি বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে জাতীয় পরিচয় পত্রের ব্যবহার করা না হলে কোন সুবিধা পাওয়া যাবেনা মর্মে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জানানো হয়েছে। তিনি আরও বলেন মন্ত্রিপরিষদ ও অর্থ বিভাগ হতে Single Registry MIS-এর কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। Single Registry MIS-এ সংযুক্ত না হলে সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দ পাওয়া যাবে না।

০৩। ড. আবু নঈম মুহাম্মদ আবদুছ ছবুর, যুগ্ম সচিব, মৎস্য ও প্রানী সম্পদ মন্ত্রণালয় বলেন, ভিজিএফ বিতরণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ব্যবহার করা হচ্ছে। Single Registry MIS-এর ক্ষেত্রে মৎস্য জীবীদের জন্য Database তৈরি করা

হয়েছে। খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য তিনি অনুরোধ করেন। এ বিষয়ে সভাপতি বলেন আগামী ৩ (তিন) মাসের মধ্যে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন ভবিষ্যতে প্রত্যেক মন্ত্রণলয়ের Database অর্থ বিভাগের সাথে শেয়ার করতে হবে।

০৪। জনাব আনজুমান আরা, যুগ্মসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, স্বাস্থ্য বিভাগের ইনোভেশন এর আওতায় অনলাইন রেজিষ্ট্রেশনের কার্যক্রম চলমান রয়েছে। সারা দেশে অন ম্যান অন আইডি থাকবে । উক্ত কার্যক্রমটি জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে করা হবে। সভাপতি মহোদয় বলেন স্বাস্থ্য সেবা বিভাগ হতে বিভিন্ন প্যাকেজে জনসাধারণকে সহায়তা প্রদান করা হয়। সহায়তা প্রদানের ক্ষেত্রে জনসাধারণের একটি Database রয়েছে। উক্ত ডাটাবেজ MIS-এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের Database এর সাথে সংযুক্ত করতে হবে।

০৫। সভাপতি, সভায় বলেন যে, বাণিজ্য মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি অবহিত করা হয়েছে। এ সময় উসচিব (সরবরাহ-১ শাখা) বলেন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য একটি সভায় অংশগ্রহণ করায় অনলাইন প্লাটফর্মে (জুম) এ সভায় অংশগ্রহণ করতে পারেন নি। তবে তাদের সামাজিক নিরাপত্তা বেষ্টনির কার্যক্রমে ১০০% জাতীয় পরিচয়পত্রের ব্যবহার করা হচ্ছে মর্মে জানানো হয়েছে। তিনি আরও বলেন কৃষি মন্ত্রণালয় থেকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হয়। বিগত ১৮তম সভায় নিম্নবর্ণিত ছক অনুযায়ী তথ্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সামাজিক নিরাপত্তা কর্মসুচির তথ্যাবলি ছক:</u>

| মন্ত্রণালয় /বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন অর্থবছর | | পূর্ববর্তী অর্থবছর | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| | | | | | | |

উক্ত সিদ্ধান্ত মোতাবেক "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার ভুক্ত অন্যান্য মন্ত্রণালয় থেকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে না।

০৬। জনাব নাসরিন পারভীন, উপসচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন, এ মন্ত্রণালয়ে ভাতা প্রদান সংক্রান্ত কোন কার্যক্রম নেই তবে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। সভাপতি মহোদয় বলেন স্বাস্থ্য সেবা প্রদান সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্তর্ভুক্ত নয়। সে কারণে পরবর্তী সভা হতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে সভায় উপস্থিত থাকতে হবে না। জনাব নুরউদ্দিন আল ফারুক, উপসচিব, অর্থ বিভগ বলেন, প্রত্যেকটা মন্ত্রণালয় যদি সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচিতে জাতীয় পরিচয়পত্রের ব্যবহার করে এবং এ সংক্রান্ত Database অর্থ বিভাগের সাথে শেয়ার করে তাহলে Single Registry MIS-এর কার্যক্রম তরান্বিত হবে।

০৭। জনাব মো: হাবিবুর রহমান হোছাইনী, অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয় বলেন আজকের সভা আয়োজন জরুরী ছিল । আমারা আশা করবো "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টার ভুক্ত প্রত্যেক মন্ত্রণালয় সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচিতে জাতীয় পরিচয়পত্রের ব্যবহার করবে এবং Single Registry MIS-এর জন্য Database তৈরি করে অর্থ বিভাগের সাথে শেয়ার করবে। প্রতিটা মন্ত্রণালয় যথাযথভাবে জাতীয় পরিচয়পত্রের ব্যবহার ও Database তৈরি করে অর্থ বিভাগের সাথে শেয়ার করলে "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা" ক্লাস্টারে কার্যক্রম তরান্বিত হবে।

৮। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

(৮.১) "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার" কমিটির সদস্যভুক্ত মন্ত্রণালয়সমূহকে সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচিতে জাতীয় পরিচয়পত্র অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

(৮.২) খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার" কমিটির সদস্যভুক্ত মন্ত্রণালয়সমূহের Database, Single Registry MIS-এ অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী অগ্রগতি নিশ্চিত করতে হবে;

(৮.৩) আগামী ০৩ (তিন) মাসের মধ্যে "খাদ্য নিরাপত্তা ও দুর্যোগ সহায়তা ক্লাস্টার" কমিটির সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(৮.৪) বিগত ১৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে:

সামাজিক নিরাপত্তা কর্মসূচির তথ্যাবলি ছক:

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন অর্থবছর | | পূর্ববর্তী অর্থবছর | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| | | | | | | |

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পরিশিষ্ট-ক

৩০-০৬-২০২৪
মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
+৮৮০২৫৫১০০০৮৮ (ফোন)
+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)
secretary@mofood.gov.bd

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩২.০০১.১৬.১২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
২। সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
৩। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;